

“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৫৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বিআরডিবি’র ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থবছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান।

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোড়দারকরণ, সুশাসন সংহত এবং সম্পদ যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তত্ত্বাবধায়নে বিআরডিবি’র ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে বিআরডিবি’র সদরদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট থেকে ২০২১-২০২২ অর্থবছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা যাচ্ছে। আপনার কর্তৃক গৃহিত উদ্যোগ/ধারণাসমূহ থেকে যাচাই-বাছাইয়ের মাধ্যমে পাইলটিং, আঞ্চলিক পর্যায়ে রেল্লিকেশন ও দেশব্যাপী বাস্তবায়নের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা নির্বাচন করা হবে।


২. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণীয়ঃ

- ক) বিআরডিবি’র মূল কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হবে এমন বিষয় যেমন-মানব সংগঠন সৃষ্টি, প্রশিক্ষণ, প্রশিক্ষণোত্তর সহায়তা, ঋণ, বাজারজাতকরণ ইত্যাদি সেবা অগ্রগন্য হবে;
- খ) সময়, খরচ ও যাতায়াত (TCV) হ্রাস বিবেচ্য হবে;
- গ) রূপকল্প-২০৪১ ও এসডিজি (SDG) অর্জনের সাথে সেবাটি সম্পৃক্ত থাকা সমীচীন;
- ঘ) সেবাটি বাস্তবায়নে আনুষঙ্গিক বিষয়ে সম্পৃক্ততা (ঋণ সিলিং, তহবিল, সম্পদের অপ্রতুলতা) বিবেচনাযোগ্য;
- ঙ) উদ্যোগটি বাস্তবায়নে সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের প্রক্রিয়া উল্লেখ থাকা সমীচীন;
- চ) উদ্যোগটির নতুনত্ব ব্যাখ্যা;
- ছ) আইডিয়া বাস্তবায়নে সংশ্লিষ্ট উপপরিচালক মেন্টর এবং তাঁর আওতাধীন উপজেলা দপ্তরের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মেন্টি হিসেবে গ্রহণের বিষয়টি বিবেচনা করা;
- জ) নতুনভাবে গৃহিত এবং ইতঃপূর্বে গৃহিত আইডিয়াসমূহ পুনরায় বিশ্লেষণপূর্বক নতুনভাবে অন্তর্ভুক্তকরণ বিবেচনাযোগ্য;
- ঝ) সদরদপ্তর ও জেলাদপ্তরের আগ্রহী কর্মকর্তাগণের উদ্ভাবনী উদ্যোগসমূহ গ্রহণযোগ্য হবে;
- ঞ) উদ্যোগটি বাস্তবায়নের ফলাফল উল্লেখ থাকা বাঞ্ছনীয়।

৩. উদ্ভাবনী উদ্যোগটি সংযুক্ত ছক মোতাবেক আগামী ২২ সেপ্টেম্বর/২০২১ তারিখের মধ্যে সফটকপি (Microsoft Word এর Nikosh Font) ই-মেইল আইডিঃ ddprog@brdb.gov.bd বা ই-নথিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪. বিআরডিবি’র উদ্ভাবন কার্যক্রমে উৎকর্ষ সাধন ও গতিশীলতা আনয়নে সংশ্লিষ্ট সকলের উদ্ভাবনী মনোভাব এবং আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

সংযুক্তিঃ উদ্ভাবনী আইডিয়া ছক।



৮-৯-২০২১

এস. এম. মাসুদুর রহমান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৮১৮০০০৪

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: dradmn@brdb.gov.bd


উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর
(সকল) (আপনার আওতাধীন উপজেলা দপ্তর কর্তৃক গৃহীত
উদ্ভাবনী উদ্যোগ সংগ্রহ ও যাচাই-বাছাইপূর্বক প্রেরণের
জন্য অনুরোধ করা হলো।)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৫৯/১(৩৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণার্থে: কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৮-৯-২০২১

নাজনীন খানম
উপপরিচালক